

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
বিভাগীয় পরিসংখ্যান অফিস  
আগ্রাবাদ, চট্টগ্রাম।  
www.bbs.chittagongdiv.gov.bd

স্মারক নং- ৫২.০১.২০০০.০০০.০১.০১৯.১৪-২৮৬

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ  
১০ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রামের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান  
যুগ্মপরিচালক (অ.দা.)  
বিভাগীয় পরিসংখ্যান অফিস, চট্টগ্রাম।  
স্থান : সম্মেলন কক্ষ, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, চট্টগ্রাম।  
তারিখ : ১০/০৭/২০২৩খ্রি।  
সময় : সকাল ১১.০০ টায়।

সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের তালিকা : পরিশিষ্ট-‘ক’।

সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	শুদ্ধাচারের ক্ষেত্রে নৈতিকতা কমিটির গুরুত্ব	শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন এবং কর্ম-পরিকল্পনার অগ্রগতি অবহিতকরণসহ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নৈতিকতা কমিটির সভার বিকল্প নেই বলে সভায় আলোচনা হয়। এ কৌশলের প্রধান লক্ষ্যই হলো শুদ্ধাচার চর্চা এবং দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। এ কারণে নৈতিকতা কমিটিকে সফলভাবে কাজ করতে হবে এবং এরই ধারাবাহিকতায় ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত সভা আয়োজন করা প্রয়োজন।	ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা	কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ০৪(চার)টি সভা আহবানের লক্ষ্যমাত্রা থাকায় প্রতি ত্রৈমাসিকে ০১টি করে সভা আয়োজন করতে হবে।	২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-কৌশল পরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে ১ম ত্রৈমাসিকে একটি সভা আহবান করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
০৩	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে।	কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের প্রেক্ষিতে ২য় ত্রৈমাসিকে কর্মকর্তা-কর্মচারীদেরকে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪	কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডই ভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছনা বৃদ্ধি ইত্যাদি)	উন্নত কর্ম-পরিবেশের গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয় এবং কর্ম-পরিবেশ আরো উন্নত কিভাবে করা যায় যে বিষয়ে আলোচনা করা হয়। অফিস পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়েও নির্দেশনা প্রদান করা হয়।	নিয়মিত অফিস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সহ অকেজো মালামাল বিনষ্টকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৫	ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ এর প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা রয়েছে	ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সদস্য
০৬	আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অগ্রগতি পরিবীক্ষণ	আওতাধীন অফিসমূহের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথভাবে অর্জনের নিমিত্ত আওতাধীন অফিসসমূহকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা প্রয়োজন এবং অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ করা প্রয়োজন।	আওতাধীন অফিসমূহের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সহায়তা প্রদান করা।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০৭	প্রমাণক	কর্মপরিকল্পনার সম্পাদিত কার্যসমূহের উপযুক্ত প্রমাণক সঠিকভাবে যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের নির্দেশনা রয়েছে এবং আওতাধীন অফিসসমূহের দাখিলকৃত প্রমাণক যাচাই করতে হবে।	শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার অর্জিত কার্যসমূহের উপযুক্ত প্রমাণক সঠিকভাবে সংরক্ষণ করতে হবে এবং নির্ধারিত সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। একই সাথে আওতাধীন সমূহের দাখিলকৃত প্রমাণক যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ ওয়াহিদুর রহমান

যুগ্মপরিচালক (অ.দা.)

ফোন- ০২৩৩৩৩১৫২৭০

wahidbbs.bd@gmail.com

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১। উপপরিচালক/উপপরিচালক(ভারপ্রাপ্ত)/উপপরিচালক(অ.দা), জেলা পরিসংখ্যান অফিস, চট্টগ্রাম/কুমিল্লা/নোয়াখালী/ফেনী/ব্রাহ্মণবাড়িয়া/ চাঁদপুর/লক্ষ্মীপুর/খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান/কক্সবাজার।

০২। জনাব মোঃ মোমেন খাঁন, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম।